



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/১২৪(০২)/১১১

তারিখ : ২৬/২/২০১৭

বিষয় : মহামান্য হাইকোর্টের নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৮৮৬৩/২০১৬ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৮৮৬৩/২০১৬ এর নির্দেশনা বাস্তবায়নের জন্য গত ২০-০৯-২০১৬ খ্রি. তারিখে এ বোর্ড হতে ক/অ/১২৪(০২)/৭৭৯ নং স্মারক পত্র প্রেরণ করা হয়। উক্ত স্মারকপত্রে আপনার কলেজের দুইজন সাময়িক বরখাস্তকৃত প্রভাষক যথাক্রমে ১) জনাব শেখ মুরাদুল হোসেন, প্রভাষক, হিসাব বিজ্ঞান এবং ২) জনাব সুনীতি সরদার, প্রভাষক পদার্থ বিজ্ঞান এর সাময়িক বরখাস্ত বিষয়ক আবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য বলা হয়। কিন্তু উক্ত আদেশ আপনি অদ্যাবধি বাস্তবায়ন করেননি।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৮৮৬৩/২০১৬ এর আদেশ বাস্তবায়নের লক্ষ্যে আপনার কলেজের উপর্যুক্ত দুইজন প্রভাষক যথাক্রমে ১) জনাব শেখ মুরাদুল হোসেন, প্রভাষক, হিসাব বিজ্ঞান এবং ২) জনাব সুনীতি সরদার, প্রভাষক পদার্থ বিজ্ঞান এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তাদেরকে স্ব-পদে পুনর্বহাল করে বোর্ড কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষর

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

সভাপতি

গভার্ণিং বডি

ডিআরএম ইউনাইটেড আইডিয়াল কলেজ

ডাক: রতনপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারক নং- ক/অ/১২৪(০২)/১১১(৮)/৪

তারিখ : ২৬/২/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৫। অধ্যক্ষ, ডিআরএম ইউনাইটেড আইডিয়াল কলেজ, ডাক: রতনপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৬। জনাব শেখ মুরাদুল হোসেন, প্রভাষক (সাময়িক বরখাস্তকৃত), হিসাব বিজ্ঞান
ডিআরএম ইউনাইটেড আইডিয়াল কলেজ, ডাক: রতনপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৭। জনাব সুনীতি সরদার, প্রভাষক (সাময়িক বরখাস্তকৃত), পদার্থ বিজ্ঞান
ডিআরএম ইউনাইটেড আইডিয়াল কলেজ, ডাক: রতনপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৮। অফিস নথি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৬/২/১৭